দৈনিক
ইত্তেফাক

তারিখ ..16 JUN 2016.. ...
পৃষ্ঠা ...৩... কলাম ...২... ......

# মুজিবনগরের বিশ্বনাথপুরে প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে সভা

মেহেরপুর প্রতিনিধি॥ মুজিবনগর উপজেলার বিশ্বনাথপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় চত্বরে গতকাল বুধবার দুপুরে বি লয়ের ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের নিয়ে প্রাথমিক শিক্ষার মান উন্নয়. এক অভিভাবক সভা অনুষ্ঠিত হয়। মোনাখালী কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ ও মানব উন্নয়ন কেন্দ্র মউক যৌথভাবে এ সভার আয়োজন করে। বিশ্বনাথপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের এসএমসি কমিটির সভাপতি মো. সিরাজুল ইসলাম-এর সভাপতিত্বে স্বাগত বক্তব্য রাখেন সহকারী শিক্ষক নজরুল ইসলাম। এতে অতিথি হিসেবে বক্তব্য রাখেন ওয়াচ সদস্য ও ভবানীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের এসএমসি কমিটির সভাপতি রফিকুল ইসলাম। অভিভাবকদের সচেতনতা বাড়াতে এ ধরনের সমাবেশের আয়োজন করা হয়। সভাটি পরিচালনা করেন প্রত্যাশা প্রকল্পের প্রোগ্রাম অফিসার সাদ আহাম্মেদ।